

মাসিক সমন্বয় সভা মার্চ/২০১৯ এর রেজুলেশন

২৭ মার্চ ২০১৯ খ্রি. রোজ বুধবার সকাল ১০.০০ ঘটিকায় কে,এম, লতিফ ইনস্টিটিউশন হল রুমে মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানের শুরুতে পবিত্র কুরআন থেকে তেলওয়াত করেন নুরুন আলা নূরের সুপার মোঃ রুহুল আমীন এবং গীতা থেকে পাঠ করেন করিম আকন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক, দিলীপ চন্দ্র হালদার।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের স্বাগত বক্তব্যের মাধ্যমে মূল আলোচনা শুরু হয়। স্বাগত বক্তব্যে শিক্ষা প্রতিষ্ঠানের সময়সূচি, ইনহাউজ প্রশিক্ষণ, মাল্টিমিডিয়া ক্লাসরুম পরিচালনা এবং ড্যাশবোর্ডে আপলোড, সরকারের জারীকৃত বিভিন্ন পরিপত্র পাঠ এবং কে,এম,লতিফ ইনস্টিটিউশনের ক্যান্সারে আক্রান্ত মেধাবী ছাত্র মোঃ হাসিবের মানবিক সাহায্যের বিষয়টি সবার দৃষ্টিগোচর করেন।

উপজেলা নির্বাহী অফিসার মহোদয় আসন্ন উপজেলা পরিষদ নির্বাচন যেন সুষ্ঠু, সুন্দর এবং শান্তিপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত হয় তার জন্য যা যা করণীয় আপনার করবেন এবং প্রশাসন থেকে এ বিষয়ে সার্বিক সহযোগীতা করবেন বলে জানান। কে,এম, লতিফ ইনস্টিটিউশনের অষ্টম শ্রেণির মেধাবী ছাত্র মোঃ হাসিব দুরারোগ্য ক্যান্সারে আক্রান্ত তাকে প্রতিষ্ঠানের পক্ষ থেকে সর্বোচ্চ সহযোগীতার আহবান এবং সবাইকে ধন্যবাদের মাধ্যমে তার বক্তব্য শেষ করেন।

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা আগামী ৬-১১ এপ্রিল, জাতীয় কৃষি সপ্তাহ দিবসটি পালনের জন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের কৃমিনাশক ট্যাবলেট খাওয়ানোর সুবিধা-অসুবিধাগুলো আলোচনা করে সবাইকে ধন্যবাদ জানিয়ে তার বক্তব্য শেষ করেন।


উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কিশোরী কিশোরী ক্লাব গঠন বিষয়ে সকলের সহযোগীতা কামনা করেন।

প্রধান শিক্ষক কে,এম, লতিফ ইনস্টিটিউশন জানান, আগামীতে মাসিক সমন্বয় সভা চলমান থাকবে এবং মাসিক সমন্বয় সভায় প্রতিষ্ঠান প্রধানের প্রতিনিধি না পাঠিয়ে নিজেসব আসার আন্তরিক আহবান জানান। তাছাড়া, কে,এম, লতিফ ইনস্টিটিউশন এর অষ্টম শ্রেণির অতি মেধাবী ছাত্র মোঃ হাসিবের ক্যান্সারের চিকিৎসার জন্য সহযোগীতার আহবান জানিয়ে তার বক্তব্য শেষ করেন। এছাড়াও প্রধান শিক্ষক তুষখালী আদর্শ বালিকা মাধ্যমিক বিদ্যালয় জনাব এইচএম আকরামুল ইসলাম, সুপার নুরুন আলা নূর জনাব মোঃ রুহুল আমীন, অধ্যক্ষ মিরুখালী স্কুল এন্ড কলেজ জনাব মোঃ আলমগীর হোসেন খান, প্রধান শিক্ষক উদয়ন মাধ্যমিক বিদ্যালয় জনাব মোঃ নাসির উদ্দিন, এবং প্রধান শিক্ষক সাপলেজা মডেল হাইস্কুল জনাব আব্দুর রাসেদ মাসিক সমন্বয় সভার উপকারীতা এবং মাল্টিমিডিয়া ক্লাসরুম ব্যবহারের ইতিবাচক দিকগুলো তুলে ধরেন।

অতঃপর সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মাসিক সমন্বয় সভা মার্চ/২০১৯ এর সভার সিদ্ধান্তসমূহ:

- ১। শিক্ষা প্রতিষ্ঠানসমূহ সরকারী নীতিমালা অনুযায়ী সকাল ১০.০০ থেকে শুরু হয়ে বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত অথবা এপ্রিল-সেপ্টেম্বর পর্যন্ত কমিটির রেজুলেশনের মাধ্যমে সকাল ০৮.০০ থেকে দুপুর ০২.০০ ঘটিকা পর্যন্ত চলবে মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।
- ২। প্রতিমাসে কমপক্ষে ০১ (এক) বার সকল শিক্ষকদের নিয়ে শিক্ষা প্রতিষ্ঠানে ইন-হাউজ প্রশিক্ষণ পরিচালনা করবেন মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।
- ৩। প্রতিদিন কমপক্ষে ০৩ (তিনটি) মাল্টিমিডিয়া ক্লাস পরিচালনা এবং ড্যাশবোর্ডে আপলোড দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।
- ৪। রূপকল্প ২০২১ এবং মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণ তথা SDG 4 বাস্তবায়নে করণীয় সম্পর্কে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।


২৭.০৩.১৯

(শাহজাহান আলী শেখ)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
মঠবাড়িয়া, পিরোজপুর।